



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২৮-০২-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

সাবেক ফিফা সহকারী রেফারী জনাব সুজিত কুমার ব্যানার্জী বিগত ২০০৩ সাল হতে বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক আয়োজিত ফুটবল প্রতিযোগিতার খেলা পরিচালনাসহ বিভিন্ন স্থানীয় ও আন্তর্জাতিক ফুটবল ম্যাচ অদ্যাবধি পরিচালনা করে আসছেন। দীর্ঘদিন খেলা পরিচালনা শেষে অদ্য ২৮ ফেব্রুয়ারী ২০২১ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত আবাহনী লিঃ ঢাকা বনাম বসুন্ধরা কিংস এর মধ্যকার খেলায় জনাব সুজিত কুমার ব্যানার্জী অবসর গ্রহণ করেন।

জনাব সুজিত কুমার ব্যানার্জীর অবসর গ্রহণ অনুষ্ঠানে ফুলের তোড়া দিয়ে বিদায়কালীন সংবর্ধনা জানান বাংলাদেশ ফুটবল ফেডারেশন, বাফুফে রেফারীজ কমিটি, বাফুফে টেকনিক্যাল কমিটি, বাফুফে মিডিয়া কমিটি, ফুটবল রেফারীজ এসোসিয়েশন, বাফুফে রেফারীজ ডিপার্টমেন্ট এবং খেলায় অংশগ্রহণকারী দু'টি দল আবাহনী লিঃ ঢাকা ও বসুন্ধরা কিংসসহ অন্যান্য ব্যক্তি ও সংস্থাসমূহ।

আহসান আহমেদ অমিত

হেড অব মিডিয়া

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।